

ম্নাতকোত্তর অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

( প্রথম বর্ষ, প্রথম সেমেষ্টার )

বাংলা

কোর্স : পি জি - ১.১

বিষয় : সাধারণ ভাষাবিজ্ঞান (উচ্চতর পাঠ)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১০×৩=৩০

১। বর্ণনামূলক ও প্রয়োগমূলক ভাষাবিজ্ঞান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

( অথবা )

২। ঢীকা লেখো (যে কোনো দুটি) :

৫×২=১০

(ক) ভাষার উৎপত্তি বিষয়ক বৈজ্ঞানিক মতবাদ

(খ) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ

(গ) রাঢ়ী উপভাষা

(ঘ) ভাষা-পরিকল্পনা

( 2 )

৩। স্বনিম্ন নির্ধারণের জন্য ক্ষুদ্রতম জোড় নির্মাণের শর্তগুলি উল্লেখ করো। নিম্নলিখিত উদাহরণগুলিতে সেই শর্ত যথাযথভাবে রক্ষিত হয়েছে কিনা বিশ্লেষণ করো :  $৫+৫=১০$

মাস-মাংস, দল-ডল, আসা-আশা, খাল-কান, চাপা-ভাপা

( অথবা )

৪। 'অল্প', 'আলতো', 'উল্টো' এই শব্দ তিনটির মধ্যে 'ল' ধ্বনিটির অবস্থানগত বিন্যাস বিশ্লেষণ করো। এই বিন্যাসকে কোন্ পরিভাষায় চিহ্নিত করা সম্ভব সেটির সংজ্ঞাসহ উল্লেখ করো। নিম্নলিখিত উদাহরণগুলিতে কোন্ ধরনের ধ্বনিতাত্ত্বিক প্রক্রিয়া সক্রিয় সেটি বিশ্লেষণ করো :  $২.৫+২.৫+৫=১০$

শাক-শাগ, দুধ-দুদ, বাঘ-বাগ, মাছ-মাচ, লাঠি-লাটি

( অথবা )

৫। উচ্চারণ স্থান ও উচ্চারণ প্রকৃতি অনুযায়ী সমীভবন প্রক্রিয়ার দৃষ্টান্ত দাও। স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির সমীভবন, ব্যঞ্জনধ্বনি ও ব্যঞ্জনধ্বনির সমীভবন, স্বরধ্বনি ও স্বরধ্বনির সমীভবন দৃষ্টান্তসহ বিশ্লেষণ করো।  $৫+৫=১০$

৬। রূপ (morph), মূলরূপ (morpheme) ও উপরূপের (allomorph) মধ্যে সম্পর্কটি বুঝিয়ে দাও। বাংলা স্ত্রীবাচক প্রত্যয়গুলি কীভাবে পরস্পর সম্পর্কিত, মূলরূপ ও উপরূপের ধারণার সাহায্যে ব্যাখ্যা করো।  $৪+৬=১০$

BNG-1409

[ Continued ]

( 3 )

( অথবা )

৭। উপাদান (constituent) এবং অব্যবহিত উপাদানের (immediate constituent) মধ্যে পার্থক্য কী, দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও। অসংযোগী অব্যবহিত উপাদান বলতে কী বোঝ? অব্যবহিত উপাদানে বিশ্লেষণের নীতিগুলি দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো।

$৩+২.৫+৪.৫=১০$

( অথবা )

৮। ঢীকা লেখো (যে কোনো চারটি) :  $২.৫ \times ৪ = ১০$

(ক) গঠনগত সমরূপতা (constructional homonymy)

(খ) সমধ্বনি রূপ (homophonous morph)

(গ) বহিঃকেন্দ্রিক গঠন (exocentric construction)

(ঘ) শব্দগঠনে মূলরূপের ভূমিকা

(ঙ) প্রতিস্থাপন (substitution) ও স্থানান্তর (movement)

(চ) অব্যবহিত উপাদান বিশ্লেষণের সীমাবদ্ধতা

★ ★ ★

BNG-1409

XX24(113)—173